**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 16-12-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন ত্রিপুরা উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলি মধ্যে মোট অভ্যন্তরীণ উৎপাদনের ক্ষেত্রে দ্বিতীয় স্থানে রয়েছে ।**

**২) ১৯৭১ সালের ভারত-পাক যুদ্ধে জয়ের স্মরণে আজ যথাযোগ্য মর্যাদায় বিজয় দিবস উদযাপিত ।**

**৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল রাজস্থানের জয়পুরে ৪৬ হাজার ৩০০ কোটি টাকারও বেশি মূল্যের প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন ।**

**৪) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আগামী ১৮ই ডিসেম্বর আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে দু'দিন ব্যাপী রাজ্যভিত্তিক খেলো ত্রিপুরা প্যারা অলিম্পিকসের উদ্বোধন করবেন ।**

****************************************

**CM, North East investor summit :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন ত্রিপুরা উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলি মধ্যে মোট অভ্যন্তরীণ উৎপাদনের ক্ষেত্রে দ্বিতীয় স্থানে রয়েছে। আজ মুম্বাইয়ে উত্তর পূর্ব বৈশ্বিক বিনিয়োগকারীদের শীর্ষ সম্মেলনে বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন।

মুখ্যমন্ত্রী বলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সবসময় উত্তরপূর্বাঞ্চলের রাজ্যগুলিকে অষ্টলক্ষ্মী হিসেবে সম্বোধন করেন এবং এই রাজ্যগুলির উন্নয়নে প্রাধান্য দিয়ে থাকেন। তিনি বলেন ত্রিপুরায় যথেষ্ট সম্পদ রয়েছে এবং রাজ্য কৃষি ক্ষেত্র সহ অন্যান্য গুরুত্বপূর্ণ ক্ষেত্রে অর্থনৈতিক ভাবে স্বাবলম্বী হয়ে উঠছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন কেন্দ্রীয় যোগাযোগ মন্ত্রী তথা উত্তর পূর্বাঞ্চলের ডোনার মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া, মেঘালয়ের মুখ্যমন্ত্রী কনরাড সাংমা, ডোনার মন্ত্রকের সচিব চঞ্চল কুমার প্রমুখ।

*****************************

**Vijay dibas, Greetings :**

আজ বাংলাদেশের বিজয় দিবস। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি জগদীপ ধনখর, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আজ বিজয় দিবস উপলক্ষে ১৯৭১ সালের যুদ্ধের বীর সৈনিকদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় রাষ্ট্রপতি মুর্ম সাহসীদের চূড়ান্ত আত্মত্যাগের কথা স্মরণ করে বলেন যে তাদের জীবনের কাহিনী প্রত্যেক ভারতীয়কে অনুপ্রাণিত করে এবং জাতীয় গর্বের উৎস। উপরাষ্ট্রপতিও ১৯৭১ সালের যুদ্ধের শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন এবং সৈনিকদের বীরত্বপূর্ণ ও নিঃস্বার্থ আত্মত্যাগের প্রশংসা করেন। প্রধানমন্ত্রী তাঁর বার্তায় সাহসী সৈন্যদের সাহস এবং আত্মত্যাগকে সম্মান জানিয়ে বলেন যে সৈন্যদের নিঃস্বার্থ উৎসর্গ এবং অটল সংকল্প দেশকে রক্ষা করেছে এবং জাতির জন্য গৌরব এনেছে।

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং নতুনদিল্লিতে জাতীয় যুদ্ধ স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন। প্রতিরক্ষা প্রতিমন্ত্রী সঞ্জয় শেঠ, চিফ অফ ডিফেন্স স্টাফ জেনারেল অনিল চৌহান, সেনাপ্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী, বায়ুসেনা প্রধান এয়ার চিফ মার্শাল এপি সিং, প্রতিরক্ষা সচিব রাজেশ কুমার সিং এবং নৌবাহিনীর

ভাইস-প্রধান ভাইস-অ্যাডমিরাল কৃষ্ণ স্বামীনাথনও পুষ্পস্তবক অর্পণ করেন।

******************************

**Governor, Bijoy Dibos :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ মহান বিজয় দিবস উপলক্ষে আগরতলার লিচুবাগানস্থিত অ্যালবার্ট এক্কা পার্কে শহীদ বেদীতে পুষ্পার্ঘ অর্পণ করেন। সেনাবাহিনীর ৫৭ নং মাউন্টেন আর্টিলারি ব্রিগেডের উদ্যোগে আয়োজিত সাইকেল রেলিরও উদ্বোধন করেন তিনি। উপস্থিত ছিলেন শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্ত্বনা চাকমা, ব্যাটেলিয়ানের মেজর জেনারেল সমীর চরণ কার্তিকেয়ন সহ সেনাবাহিনী জওয়ানরা। বিজয় দিবস সম্পর্কে রাজ্যপাল বলেন ভারতীয় জওয়ানরা পাকিস্তানের সঙ্গে লড়াই করে ১৯৭১ সালের এই দিনেই বাংলাদেশকে জয়ী করেছে।

###########Byte##########

ভারতীয় জওয়ানদের আত্ম বলিদানের এই ইতিহাসকে স্মরণ করে তিনি তাদের ও তাদের পরিবার বর্গের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন।

*****************************

**Vijay dibas, Agartala :**

বিজয় দিবস উপলক্ষে আজ আগরতলা-আখাউড়া সীমান্তে ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের ৫৩তম বার্ষিকী স্মরণে ভারতীয় ও বাংলাদেশী সশস্ত্র বাহিনী একত্রিত হয়। তারা শুভেচ্ছা ও মিষ্টি বিনিময় করেন। বাংলাদেশে ভারতীয় হাইকমিশনের এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ভারতীয় পক্ষের নেতৃত্বে ছিলেন ভারতীয় সেনাবাহিনীর চিফ অব স্টাফ 101 এরিয়া, মেজর জেনারেল সুমিত রানা এবং বাংলাদেশ সেনাবাহিনীর 33 পদাতিক ডিভিশনের জিওসি মেজর জেনারেল আবুল হাসনাত মোহাম্মদ তারিক বাংলাদেশের পক্ষে নেতৃত্ব দেন। অনুষ্ঠানে ১৯৭১ সালের মুক্তিযুদ্ধে

ত্রিপুরা ও আগরতলা যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিল তাও আলোচনা করা হয়। অনুষ্ঠান চলাকালীন, উভয় পক্ষই ১৯৭১ সালে সৃষ্ট ভারত ও বাংলাদেশের সশস্ত্র বাহিনী এবং তাদের জনগণের মধ্যে গভীর-মূল বন্ধুত্বের কথা স্মরণ ও পুনর্নিশ্চিত করে।

*******************************

**Bijoy Dibos-Tourism Minister :**

অ্যালবার্ট এক্কা পার্কে আজ সন্ধ্যায় বিজয় দিবস উপলক্ষে আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী। এছাড়াও উপস্থিত ছিলেন রাজ্য সরকারের বিভিন্ন উচ্চপদস্থ আধিকারিক ও ভারতীয় সেনাবাহিনীর আধিকারিক ও তাদের পরিবার পরিজনরা। অনুষ্ঠানে ভারতীয় সৈন্যদের অদম্য চেতনা ও চিরন্তন আত্মত্যাগের ইতিহাস তুলে ধরা হয়। অনুষ্ঠানে মন্ত্রী শ্রী চৌধুরী ১৯৭১ এর মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী, ত্রিপুরার প্রবীণ সৈনিকদের সম্মানিত করেন। এছাড়া বিজয় দিবসক উপলক্ষে আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ী শিশুদের পুরস্কৃত করেন মন্ত্রী।

*******************************

**Bangladesh Asst High Commission :**

বাংলাদেশের বিজয় দিবস উপলক্ষে আজ আগরতলার বাংলাদেশ সহকারী হাইকমিশনে বাংলাদেশের জাতীয় পতাকা উত্তোলন করেন বাংলাদেশ সহকারী হাইকমিশনের প্রথম সচিব মোঃ আল আমিন। পরে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন সহকারী হাইকমিশনের সকল কর্মীবৃন্দ।

***************************

**Ratanlal Nath :**

রাজ্যের কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের মন্ত্রী রতন লাল নাথ বলেছেন, রাজ্য সরকার কৃষি এবং কৃষকের সার্বিক উন্নয়নে কাজ

করছে। কৃষকদের উন্নত মানের বীজ প্রদান, বিজ্ঞানভিত্তিক চাষের ব্যবস্থা করা, মাটির গুণমান পরীক্ষা করা এবং আধুনিক যন্ত্রপাতির মাধ্যমে কৃষকদের সরকার সহায়তা করছে। আজ খোয়াই চেবরী স্থিত দিব্যোদয় কৃষি বিজ্ঞান কেন্দ্রের উদ্যোগে আট দিনব্যাপী রবি কৃষি বিজ্ঞান মেলার উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি আরোও বলেন, প্রতি হেক্টরে দেশের মধ্যে সবচাইতে বেশি ধান উৎপন্ন হয় পাঞ্জাবে। এক্ষেত্রে ত্রিপুরা ষষ্ঠ স্থানে রয়েছে। সুপারি উৎপাদনে ত্রিপুরা রয়েছে দ্বিতীয় স্থানে। তাছাড়া ফুলকপি, মটর, কাঁঠাল ইত্যাদি উৎপাদনে চতুর্থ স্থানে রয়েছে আমাদের রাজ্য। মেলায় আজ বিধায়ক রঞ্জিত দেববর্মা, খোয়াই জেলার জেলাশাসক চাঁদনী চন্দ্রন, কৃষি দপ্তরের আধিকারিক, দিব্যোদয় কৃষি বিজ্ঞান কেন্দ্রের বরিষ্ঠ বিজ্ঞানী ও প্রধান মনোজ সিং সাঁচান সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। কৃষিমন্ত্রী মেলায় কৃষকদের বিভিন্ন স্টল পরিদর্শন করেন।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে। আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**PM, Rajasthan :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল রাজস্থান সফরে যাচ্ছেন। সফরকালে, তিনি রাজস্থান রাজ্য সরকারের এক বছর পূর্তি উপলক্ষে 'এক বর্ষ্ পরিণাম উৎকর্ষ্' কর্মসূচিতে অংশ নেবেন। এই উপলক্ষে, প্রধানমন্ত্রী রাজস্থানের জয়পুরে ৪৬ হাজার ৩০০ কোটি টাকারও বেশি মূল্যের শক্তি, সড়ক, রেলপথ এবং জল সংক্রান্ত ২৪টি প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

*****************************

**Bangladesh, Election :**

বাংলাদেশের অন্তর্বর্তী সরকার প্রধান ডক্টর মোহাম্মদ ইউনূস আজ বলেছেন, প্রয়োজনীয় সংস্কার সাধনের পর ২০২৫ সালের শেষ থেকে ২০২৬ সালের প্রথমার্ধের মধ্যে আগামী সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হতে পারে।

বিজয় দিবস উপলক্ষে আজ সকালে জাতির উদ্দেশে ভাষণ দেওয়ার সময় তিনি একথা বলেন। তিনি জোর দিয়ে বলেন যে নির্বাচনের সময়সীমা নির্বাচনী সংস্কার কমিশন এবং সংবিধান সংস্কার কমিশনের সুপারিশের উপর নির্ভর করে। তাছাড়া, বাংলাদেশের অন্যতম প্রধান রাজনৈতিক দল বাংলাদেশ জাতীয়তাবাদী দল, বিএনপি গত তিন মাস ধরে নির্বাচনী পরিকল্পনার জন্য মোঃ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকারের ওপর চাপ সৃষ্টি করে আসছে। বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারপার্সন তারেক রহমান গতকাল বলেছেন, রাষ্ট্র সংস্কারে অন্তর্বর্তী সরকারের আরও কত মাস সময় লাগবে তা জানার অধিকার জনগণের আছে। এর আগে, বাংলাদেশের রাষ্ট্রপতি মোহাম্মদ শাহাবুদ্দিন আজ ৫৪তম বিজয় দিবস উপলক্ষে, ঢাকার উপকণ্ঠে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

ডক্টর মুহাম্মদ ইউনূস এবং বাংলাদেশ সফররত তিমুর-লেস্তের রাষ্ট্রপতি হোসে রামোস-হোর্তা, জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক

অর্পণ করে শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেছেন।বাংলাদেশে ভারতীয় হাইকমিশনও বাংলাদেশের জনগণকে শুভেচ্ছা জানিয়েছে। শুভেচ্ছা বার্তায় বলা হয়, বিজয় দিবস ভারত ও বাংলাদেশের মধ্যে মৈত্রীর দৃঢ় বন্ধনের প্রতীক, যা মুক্তিযোদ্ধা এবং ভারতীয় সৈন্যদের যৌথ আত্মত্যাগের দ্বারা চিরস্থায়ী হয়েছে।

***************************

**South, Agriculture :**

গত আগষ্ট মাসের ভয়াবহ বন্যায় নষ্ট হয়ে যাওয়া ধানের জমিতে কৃষি দপ্তরের আধিকারিকদের পরামর্শ মেনে হাইব্রিড ধানের বীজ সরাসরি ধানের জমিতে ছিটিয়ে দিয়ে কম সময়ে ও কম খরচে অধিক ফলন পেয়েছেন জোলাইবাড়ি কৃষি মহকুমার উত্তর হিচাছড়ার কৃষকরা। আজ কৃষি দপ্তরের অধিকর্তা শরদিন্দু দাস রাজ্যের ৮ জেলার কৃষি উপ-অধিকর্তা ও কৃষি দপ্তরের বিশেষজ্ঞদের নিয়ে উত্তর হিচাছড়ায় কৃষকদের ধানের জমিগুলি পরিদর্শন করেন। জোলাইবাড়ি কৃষি মহকুমার কৃষি তত্বাবধায়ক শ্রীদাম দাস জানান, কম সময়ে ও কম খরচে ধানচাষ করে ফলন বেশি হওয়ায় ভবিষ্যতে বীজতলায় ধানের চারা তৈরি না করে সোজা ধানের জমিতে একটি নির্দিষ্ট পদ্ধতি মেনে ধান বীজ ছিটিয়ে ধানচাষ করা যায় কিনা এই বিষয়ে পরীক্ষানিরীক্ষা ও গবেষণা করতেই কৃষি দপ্তরের অধিকর্তার নেতৃত্বে দপ্তরের বিভিন্ন স্তরের আধিকারিক ও কৃষি বিশেষজ্ঞরা সরেজমিনে এই পরিদর্শন করেন।

****************************

**Tripura Para Olympic :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আগামী ১৮ই ডিসেম্বর আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে দু'দিন ব্যাপী রাজ্যভিত্তিক খেলো ত্রিপুরা প্যারা অলিম্পিকসের উদ্বোধন করবেন। ক্রীড়া ও

যুব বিষয়ক দপ্তরের মন্ত্রী টিঙ্কু রায় আজ সচিবালয়ে এক সাংবাদিক সম্মেলনে একথা জানান। মন্ত্রী বলেন, দু'দিন ব্যাপী এই অনুষ্ঠানে সমাজ কল্যাণ দপ্তরের পক্ষ থেকে ৫০টি স্টল খোলা হবে। সেখানে দিব্যাঙ্গদের মধ্যে ইউ আই ডি কার্ড প্রদান সহ ২ হাজার ২৭৯ জন নথিভুক্তকে গত বছরের মতো সামাজিক ভাতা প্রদান করা হবে। শ্রী রায় বলেন একইসঙ্গে ভালো ফল করার জন্য মাধ্যমিকের ৫ জন দিব্যাঙ্গ ছাত্রছাত্রীকে ২৪ হাজার টাকা করে এবং উচ্চমাধ্যমিকের ৫ জন দিব্যাঙ্গ ছাত্রছাত্রীকে ৫৪ হাজার টাকা করে প্রদান করা হবে। তিনি বলেন খেলায় ক্রিকেট, ফুটবল, দাবা, ক্যারাম, মিউজিক্যাল চেয়ার, ৫০ মিটার দৌড় সহ মোট ১৪টি বিষয় রাখা হয়েছে। মন্ত্রী বলেন এই অনুষ্ঠান আয়োজন করার মূল উদ্দেশ্য হচ্ছে দিব্যাঙ্গদের খেলাধুলার প্রতি উৎসাহ বৃদ্ধি সহ তাদের জন্য গৃহীত বিভিন্ন প্রকল্প সম্পর্কে তাদের অবগত করা। অনুষ্ঠানের দ্বিতীয় তথা সমাপ্তি দিনে বিভিন্ন খেলায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হবে বলে তিনি জানান। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত থাকবেন স্পেশাল অলিম্পিক ভারতের সভাপতি এবং স্পেশাল অলিম্পিক এশিয়া প্যাসিফিক অ্যাডভাইজরি কাউন্সিলের চেয়ারপার্সন ডঃ মল্লিকা নাড্ডা।

****************************

**Weather :**

আজকের সর্বনিম্ন তাপমাত্রা ৯.৮ ডিগ্রি সেলসিয়াস। এই মরশুমে আজ তাপমাত্রা ৯ এর ঘরে নেমেছে। আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। সকালে কুয়াশা পড়বে। তাপমাত্রা সর্বোচ্চ ২৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১১ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৭.২ ডিগ্রি সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলার দু এক জায়গায় অতি ঘন কুয়াশা পড়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

****************************